তথ্যবিবরণী নম্বর- ৫৯

**রাজশাহীর প্রত্যন্ত অঞ্চলে নতুন কুঁড়ি'র প্রচার চালাচ্ছে জেলা তথ্য অফিস**

রাজশাহী, ২০ ভাদ্র (০৪ সেপ্টেম্বর):

দেশব্যাপী শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণের অংশ হিসেবে বিটিভি 'নতুন কুঁড়ি-২০২৫' প্রতিযোগিতা পুনরায় শুরুর উদ্যোগ গ্রহণ করেছে। এ উদ্যোগকে সফল করতে রাজশাহী জেলা তথ্য অফিস মহানগরসহ জেলার ৯টি উপজেলার প্রত্যন্ত অঞ্চলে বহুমাত্রিক প্রচার-প্রচারণা অব্যাহত রেখেছে।

গত ১৭ আগস্ট তথ্য ও সম্প্রচার সচিব মাহবুবা ফারজানা দেশের ৬৮টি তথ্য অফিসকে নতুন কুঁড়ি প্রতিযোগিতা আয়োজনের কর্মসূচি সম্পর্কে সকলকে অবহিত করার লক্ষ্যে ব্যাপক প্রচার কার্যক্রম চালানোর নির্দেশনা প্রদান করেন। সেই নির্দেশনার আলোকে রাজশাহী জেলা তথ্য অফিস প্রত্যন্ত অঞ্চলের শিশু-কিশোরদের কাছে প্রতিযোগিতার বার্তা নিয়ে সড়ক প্রচার করছে। এর পাশাপাশি চলচ্চিত্র প্রদর্শন, নারী সমাবেশ, উঠান বৈঠক ও উদ্বুদ্ধকরণ সঙ্গীতানুষ্ঠানের মতো তাদের নিয়মিত প্রচার কার্যক্রমে এ বিষয়ে প্রচার চালানো হচ্ছে। একই সাথে সামাজিক যোগাযোগ মাধ্যমেও নতুন কুঁড়ি'র প্রচার অব্যাহত রেখেছে বলে জানিয়েছে দপ্তরটি।

উল্লেখ্য যে, ৬ থেকে ১১ বছর এবং ১১ থেকে ১৫ বছর বয়স পর্যন্ত দুইটি শাখায় অভিনয়, নৃত্য ও সঙ্গীত এ তিন বিভাগে নতুন কুঁড়ি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ৫ সেপ্টেম্বর পর্যন্ত অনলাইন ও অফলাইনে আবেদন করার সুযোগ রয়েছে। অনলাইনে আবেদনের ঠিকানা ডব্লিউ ডব্লিউ ডব্লিউ ডট বিটিভি ডট গভ ডট বিডি (ƒƒƒ.নঃা.মড়া.নফ)।

...........................................................

তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৫/১৫.৩০ ঘ.